

## প্রকৌশলী মোঃ মহিউদ্দিন আহমেদ চেয়ারম্যান

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।



প্রকৌশলী মোঃ মহিউদ্দিন আহমেদ গত ১৪ই ডিসেম্বর, ২০২৩ তারিখে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর চেয়ারম্যান হিসেবে যোগদান করেন। চেয়ারম্যান হিসেবে যোগদানের পূর্বে তিনি ০১ নভেম্বর, ২০২২ খ্রিঃ তারিখ থেকে কমিশনের ভাইস-চেয়ারম্যান এর দায়িত্ব পালন করেন। তাছাড়া ভাইস-চেয়ারম্যান হিসেবে যোগদানের পূর্বে তিনি ৩০ মে, ২০১৯ খ্রিঃ হতে ৩১ অক্টোবর, ২০২২ খ্রিঃ পর্যন্ত বিটিআরসি'র কমিশনারের দায়িত্ব পালন করেন। কমিশনারের দায়িত্ব পালনকালে তিনি বিটিআরসি'র তিনটি গুরুত্বপূর্ণ বিভাগ (ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স, স্পেকট্রাম এন্ড ম্যানেজমেন্ট এবং সিস্টেমস্ এন্ড সার্ভিসেস বিভাগ) অত্যন্ত দক্ষতার সাথে পরিচালনা করেন।

দীর্ঘ প্রকৌশল জ্ঞানে সমৃদ্ধ প্রকৌশলী মোঃ মহিউদ্দিন আহমেদ বিটিআরসি'তে যোগদানের পূর্বে কানাডার বিখ্যাত টেলিকমিউনিকেশন কোম্পানি “Rogers Communication Incorporation Ca” তে ম্যানেজার (টেকনিক্যাল) এবং “Meghna International Incorporation” কানাডাতে সিনিয়র মেকানিক্যাল ইঞ্জিনিয়ার হিসেবে দীর্ঘদিন কাজ করেছেন। এছাড়া আশুগঞ্জ-বাখরাবাদ (এবি) পাইপ লাইন, কেভায়েরনার জন ব্রাউন, ইউকে-তে পরামর্শক এবং আরব আমেরিকান ওয়েল কোম্পানি (ARAMCO), কেএসএ তে প্রজেক্ট ম্যানেজার হিসেবে কাজ করেছেন।

প্রকৌশলী মোঃ মহিউদ্দিন আহমেদ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) হতে ব্যাচেলর অব সাইন্স ইন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক এবং পরবর্তীতে তিনি মাস্টার্স অব বিজনেস এডমিনিস্ট্রেশন (এমবিএ) সম্পন্ন করেন।

প্রকৌশলী মোঃ মহিউদ্দিন আহমেদ দি ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স (আইইবি) এর একজন লাইফ ফেলো। উল্লেখ্য, তিনি ১৯৯৯-২০০০ এবং ২০০৯-২০১০ মেয়াদে আইইবি'র নির্বাচিত কাউন্সিল মেম্বর ছিলেন।